বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

কর্মক্ষেত্রে সবচেয়ে বেশি ঘটে এমন দুই ধরনের ইনজুরি হলোঃ

১. **Burn** বা পুড়ে যাওয়া

২. **Wound** বা আঘাত বা ক্ষত

Types of Burn Injuries বা বার্ন ইনজুরির ধরণ

ওয়ার্কশপে ঘটা সবচাইতে বেশি ঘটে এবং কষ্টদায়ক ইনজুরি হল পোড়া।

১. **Thermal Burns:** তাপজনিত পুড়ে যাওয়াকে বলে থারমাল বার্ন। সব থারমাল বার্ন আগুন থেকে ঘটে না। কোন গরম জিনিসের ছোঁয়া লাগলে, বিস্ফোরণ ঘটলে বা দাহ্য বাষ্প এবং ভাপ অথবা গরম তরল পদার্থ (পানি, তেল ইত্যাদি) -এর ছোঁয়া লাগলে সাধারণত শ্রমিকদের শরীর পুড়ে যায়।

২. **Chemical Burns:** পুড়ে যাওয়া যদি কেমিক্যাল বা রাসায়নিক পদার্থের কারনে হয়ে থাকে তাবে তাকে কেমিক্যাল বার্ন বলে। ক্ষতিকর কেমিক্যাল ত্বকের সংস্পর্শে আসলে সেটা সরিয়ে ফেলার আগ পর্যন্ড় টিস্যু ড্যামেজ করতে থাকে।

৩. **Electrical Burns:** মানুষের শরীরের যেকোন অংশ সরাসরি বৈদ্যুতিক লাইনের সংস্পর্শে আসলে ইলেকট্রিক শক বা তড়িতাহত হওয়ার সম্ভবনা তৈরী হয়। এসময় বৈদ্যুতিক লাইনের তার বা পরিবাহী অংশ প্রচন্ড গরম হয় এবং বৈদ্যুতিক লাইনের সংস্পর্শে থাকা শরীরের অংশ পুড়ে যায়। একে ইলেকট্রিক্যাল বার্ন বলে। ইলেকট্রিক্যাল বার্নে ইনজুরির তীব্রতা কেমন হবে সেটা নির্ভর করে কারেন্টের ধরণ (অঙ্গ অথবা উঙ্গ), ভোল্টেজ, শরীরের কোন অংশে লেগেছে এবং কতক্ষণ ধরে লেগেছিল সেটার উপর।